



INTERNATIONAL JOURNAL OF CREATIVE RESEARCH THOUGHTS (IJCRT)

An International Open Access, Peer-reviewed, Refereed Journal

মুরারির শাস্ত্রীয় পাণ্ডিত্য

Mr. Bikash Mandal
Ph.D Research Scholar
Department of Sanskrit
Pondicherry University

Research supervisor:
J. Krishnan (Professor)
Department of Sanskrit
Pondicherry University

ভূমিকা-

সংস্কৃত নাট্যসাহিত্যের ইতিহাসে মহাকবি ভাস-কালিদাস প্রমুখ রূপকের রচনা করে গৌরবময় স্থান প্রাপ্ত হয়েছেন। দৃশ্য ও শ্রব্য ভেদে কাব্য দুই প্রকার। দৃশ্যকাব্য বা রূপকের নানা ভেদে নাটকের স্থান সর্বোপরি। বিদ্বানগণের অনুসারে কাব্যের অনেক ভেদে নাটক অত্যধিক রমণীয়-**কাব্যমু নাটকং রম্যম্।**¹

কাব্য অপেক্ষা নাটকে রসোপভোগ সামগ্রী বেশ-ভূষা অভিনয়াদি সকল প্রকারের আনন্দ উপভোগ হয়। সর্বসাধারণ ব্যক্তিদের জন্য কাব্য অপেক্ষা নাটকের আকর্ষণ বিশেষ প্রভাবশালী। তাই নাটককে কবিষ্মের পরম সীমা মানা হয়- **নাটকান্তঃ কবিষ্মম্।**² সাহিত্যদর্পণাকার বিশ্বনাথ কবিরাজ অনুসারে কাব্য এবং নাটকের প্রয়োজন হল- ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ভুগের ফলপ্রাপ্তির সাধন- **চতুর্ভুগফলপ্রাপ্তিঃ সুখাদল্পধিয়ামপি।**³

নাট্যকার মুরারির পাণ্ডিত্য এবং কবিষ্মের পরিচয় অনায়াসে পাওয়া যায় তাঁর একমাত্র নাটক অনর্ঘরাঘবে। তাঁর অধিকাংশ শক্তি নিজের পাণ্ডিত্য-শাস্ত্রীয়জ্ঞান তাঁর নাটকে প্রতিবিম্বিত হয়েছে। বিশেষ করে তিনি ব্যাকরণ, ধর্মশাস্ত্র, বেদ, রাজনীতি এবং বৈশেষিক দর্শনের মর্মজ্ঞ বিদ্বান রূপে পরিচয় দিয়েছেন।

নিজের পাণ্ডিত্যের বল দ্বারা, নিজের মৌলিক কল্পনা সহায়তায় নিজের কবিতাকামিনীর শৃঙ্গার করেছেন। তাঁর রচনায় ব্যাকরণের নতুন নতুন প্রয়োগের পরিচয় পাওয়া যায়। সিদ্ধান্ত কৌমুদীকার ভট্টোজি দীক্ষিতও মুরারির অনর্ঘরাঘব নাটক থেকে অনেক উদাহরণ নিজের গ্রন্থে উদ্ধৃত করেছেন।

মুরারির পরিচয়-

অনর্ঘরাঘব নাটকের রচয়িতা হলেন কবি মুরারি। সংস্কৃত সাহিত্যের প্রায় সমস্ত কবি, নাট্যকার, রচনাকার ইত্যাদি পরম্পরা অনুসারে নিজের সম্বন্ধে কোথাও কোনোও কিছু লেখেননি। কবি মুরারিও বাদ যান নি। তিনি নাটকের প্রস্তাবনায় নিজের খুব অল্প পরিচয় দিয়েছেন। সেই অনুসারে তিনি মৌদ্রল্য গোত্র উৎপন্ন হয়েছেন এবং তাঁর পিতার নাম বর্ধমান তথা মাতার নাম তন্তুমতী- **অস্তি মৌদ্রল্যগোত্রসংভবস্য মহাকবের্ভট্টগ্রীবর্ধমানতনুজন্মনস্তুমতীনন্দনস্য মুরারেঃ কৃতিরভিনবমনর্ঘরাঘবং নাম নাটকম্।**⁴ এছাড়াও নাটকের প্রারম্ভে নট সূত্রধারকে আগ্রহ করে বলেছেন, মৌদ্রল্য গোত্র উৎপন্ন ব্রহ্মর্ষিবংশের মূর্ধন্য বাল্মীকি মুরারির কবিতা অমৃতবিন্দুর বর্ষা করছে আর জনসাধারণের হৃদয়ে কৌতূহল সৃষ্টি করছে। সূত্রধার নটের উক্ত কথার সমর্থন করতে গিয়ে বলেছেন, অবশ্যই মুরারির কবিতা অমৃতকুণ্ডের সমান মধুরতম এবং আদি কবি

¹ দশরূপক- ভূমিকা, পৃ-2

² সংস্কৃত সাহিত্য কা ইতিহাস- বলদেব উপাধ্যায়, পৃ-478

³ সাহিত্যদর্পণ- মোতিলাল বনারসীদাস, পৃ-07

⁴ অনর্ঘরাঘবম্- প্রথম অঙ্ক, পৃ- 9

বাল্মীকির কবিতা থেকে কিঞ্চিৎ ন্যূন্যতম- অস্য হি মৌদ্রল্যানাং ব্রহ্মশীণামন্বয়মূর্ধগ্যস্য মুবারিনামধেয়স্য
বালবাল্মীকেবান্বয়মমৃতবিন্দুনিম্বলি কন্দলয়তি কৌতুকং মে।⁵

সূত্রধারঃ - মাহিষ, স্থানে ভবতঃ কুতুহলমীদৃশমেবৈতৎ। তথাহি।

ততাদৃগুঞ্জলককুংস্কুলপ্রশস্তি-

সৌরভ্যানির্ভরগভীরমনোহরাণি।

বাল্মীকিবাগমৃতকূপনিপানলক্ষ্মী-

মেতানি বিব্রতি মুবারিকবেবচাংসি।।⁶

আর এখানেই সংকেত পাওয়া যায় কবি মুরারি নিজের বৈদ্যু ও কবিত্বের নিজের মুখ থেকে প্রশংসাত্মক বর্ণনা করেছেন এবং নিজেকে বালবাল্মীকি পদবী দ্বারা বিভূষিত করেছেন। তিনি রাম-কথার উপর রচনা করে নিজেকে বাল্মীকির সমান রূপে প্রস্তুত করেছেন। কিন্তু এই কথা এতটাও সত্য নয় যে তিনি যতটা মেনেছেন।

মুরারি নিজেকে মেধাবী ও গুণী এবং তিনি অনর্ঘরাঘবের প্রস্তাবনায় নিজেকে শ্রোত্রিয় পুত্র সম্বন্ধীয় বলে পরিচয় দিয়েছেন- অয়ং তু প্রাচেতসীযং কথাবস্তু বহমিঃ প্রণীতমপি প্রযুজ্ঞানো নাপরাধ্যতি শ্রোত্রিয়পুত্রঃ।⁷ এই থেকে বলা যায়, মুরারির বংশ বিদ্বান ছিলেন এবং এই পরম্পরা অনুসারে কবি মুরারিও মেধাবী ছিলেন।

জন্মস্থান ও রচনা কাল-

মুরারির জন্মস্থান সম্পর্কে কিছুই তথ্য পাওয়া যায় না। তবে এক জায়গায় এই সংকেত পাওয়া যায় যে, মুরারি লক্ষা থেকে অযোধ্যায় প্রত্যাবর্তনের সময় রামের মুখ থেকে বর্ণনা করেছেন- মহিষ্টতীর, করচুলি (কলচুরি বা করচুরি) রাজাগণ মাহিষ্টতী ছেড়ে ত্রিপুরী এবং রত্নপুরা নামক স্থানে রাজধানী স্থাপন করেছে- ইয়ং চ কলচুরিকুলনবেদ্রসাধারণাগ্রমহিষী মাহিষ্টতী নাম চেদিমগুনমুগমালা নগরী।⁸ ডা. এ.বি. কীথের অনুসারে মুরারি অষ্টম-নবম শতকের মধ্যে মহিষ্টতীর (নর্দা তটস্থিত) কোনো রাজার সভাপণ্ডিত ছিলেন।⁹

কবি মুরারি ভবভূতির রচনা থেকে অধিক প্রভাবিত ছিলেন। ভবভূতির উত্তররামচরিত ও মহাবীরচরিত থেকে কতকগুলি শ্লোক ও বর্ণনা অনর্ঘরাঘবে উদ্ধৃত করা হয়েছে। যেমন আশ্রম বর্ণনা¹⁰, নদী বর্ণনা¹¹ ইত্যাদি এবং রামের বনগমন বর্ণনা¹² ইত্যাদি। ভবভূতির আনুমানিক কাল 600 শতাব্দী। রত্নাকরের হরবিজয় নামক মহাকাব্যে মুরারির সংকেত পাওয়া যায়-

অঙ্কোথনাটক ইবোতমনায়কস্য

নাশং কবির্ব্যথিত যস্য মুরারিরিখম্।¹³

রত্নাকরের কাল 850 শতাব্দী। অতএব, এর থেকে স্পষ্ট বলা যায় মুরারি ভবভূতির পরবর্তী এবং রত্নাকরের পরবর্তী ছিলেন। অতএব, মুরারির রচনাকাল প্রায় 800 শতাব্দী।

⁵ অনর্ঘরাঘবম্- প্রথম অঙ্ক, পৃ- 13

⁶ অনর্ঘরাঘবম্- 1/12

⁷ অনর্ঘরাঘবম্- প্রথম অঙ্ক, পৃ-11

⁸ অনর্ঘরাঘবম্- সপ্তম অঙ্ক, পৃ-478

⁹ হিস্টি অফ সংস্কৃত লিটারেচার- কীথ, পৃ-226

¹⁰ নীবারৌদনমগুমুঞ্চমধুরং সদ্যঃ প্রসূতপ্রিয়া- সীতাদভ্যধিকং তপোবনমৃগঃ পর্যাপ্তমাচামতি।

গন্ধেন স্কুরতা মনাগনুসৃতো ভক্তস্য সর্পিষ্টতঃ কর্কশ্চুলমিশ্রশাকপচনামোদঃ পরিস্তীর্যতে। উত্তররামচরিত-4.1

ততাদৃগুঞ্জলককূপনিপানলক্ষ্মী-

মেধ্যা বৎসতরী বিহস্য বুটুভিঃ সোল্লুর্শমালভ্যতে।

অপ্যেষ প্রতনুভবত্যাতিথিভিঃ সোল্লাসনাসাপুটে-

রাপিতো মধুপর্কপাকসুরভিঃ প্রায়ংশজন্মানিল।। অনর্ঘরাঘবম্-2.14

¹¹ সীতা- এষা প্রসন্নপুণ্যসলিল ভগবতী ভাগীরথী। রামঃ- রধুকুলদেবতো। নমস্তে। উত্তররামচরিত- প্রথম অঙ্ক, পৃ-37

জরয়তু জগতকল্লোচ্ছিতৌ পিপর্তু পয়োধরা-

শ্বহতু বড়বাবক্রজ্যোতির্দেধাতু সুধাতুজঃ।

ভবতু বপুশা যাবাঃস্ত্যাবানগস্তয়রুশা পুন-

নিধিরয়মপামীষতপানস্তপাংসি নমোহস্ত বঃ।। অনর্ঘরাঘবম্-7.15

¹² যোহসৌ বরদ্বয়ন্যাসস্তং মাতা মেহদ্য মধ্যমা।

যথেষ্টং নাথতে তাত তৎপ্রসাদার্থিনো বয়ম্।। মহাবীর চরিতম্-4.47

তন্মো বরদ্বয়মুরীকৃতপূর্বমেব

যাচে বিভর্তুং ভরতস্তব রাজ্যলক্ষ্মীম্।

বর্ষাণি তিষ্ঠতু চতুর্দশ দণ্ডকাং

সৌমিত্রিমৈধিলসূতাসহিতশ্চ রামঃ।। অনর্ঘরাঘবম্-4.66

¹³ সংস্কৃত সাহিত্য কা ইতিহাস

উপজীব্য গ্রন্থ-

সংস্কৃত মহাকাব্যগণ দীর্ঘ পরম্পরায় সাধারণতঃ রামায়ণ অথবা মহাভারতকে উপজীব্য করেই নিজের রচনা করেন। বীর-অদ্বুত রস প্রধান মুরারির একমাত্র সাত অঙ্ক বিশিষ্ট নাটক অনর্ঘরাঘবের উৎস স্পষ্টরূপে বাল্মীকি রামায়ণ। নাটকের প্রস্তাবনায় কবি উল্লেখ করেছেন- **সকলকবিসার্থসাধারণী খল্বিয়ং বাল্মীকীয়া সুভাষিতনীবি।**¹⁴

নামকরণ-

নামকরণ কথাবস্তু, প্রমুখ পাত্র অথবা ঘটনা কে আধার করে হয়ে থাকে।

প্রধানবস্তুনির্দেশাদ্ ভবতি হি নাটকাদীনাং নামেতি।

প্রাধানস্য নির্দেশাদ্বস্তু নির্দেশাদ্ বা নাটকাদীনাং নাম কর্তব্যম্।¹⁵

নাটকের নাম, গর্ভিতার্থের অন্তর্গত উপাখ্যান প্রকাশক করা কবির কর্তব্য-

নামকার্যং নাটকস্য গর্ভিতার্থ প্রকাশকম্।¹⁶

অনর্ঘরাঘব নাটকের নামকরণ পুরুষোত্তম রামকে আধার করে হয়েছে। এছাড়া নাটকের সর্ববৃত্তান্তের কেন্দ্রবিন্দু হল রাম। এখানে রাম হল রাঘব বাচক। রামের বীরতাকে কেন্দ্র করে এই নাটকের নামকরণ অনর্ঘরাঘব। সামান্যতমঃ **“অনর্ঘঃ পূজ্যতে রামো যত্র তৎ অনর্ঘরাঘবম্”**। শ্রীরাম বিনয়-পরাক্রম-আদর্শচরিত্র-নায়ক ইত্যাদি গুণযুক্ত সমস্ত সংসারের পরমপূজনীয়। অতএব, নাটকের নামকরণ সার্থক।

মুরারির কবিত্ব-

মুরারির সংস্কৃত নাট্যসাহিত্যে বিশেষ মহত্বপূর্ণ রয়েছে। তাঁর একমাত্র উপলব্ধ অনর্ঘরাঘব। শার্গঙ্গধর পদ্ধতিতে মুরারির নামে প্রচলিত সূক্তি পাওয়া যায়-

ভবভূতিমনাদৃত্য নির্বাণমতিনা ময়া।

মুরারিপদচিন্তায়ামিদমাধীমতে মনঃ।¹⁷

এক অন্য সূক্তিও রয়েছে-

মুরারিপদচিন্তা চেতদা মাঘে মতিং কুরু।

মুরারিপদচিন্তা চেতদা মাংঘে মতিং কুরু।

মুরারেশ্বতীয়ঃ পন্থাঃ।¹⁸

কবি মুরারি ব্যক্তিত্ব অসাধারণ। তিনি পণ্ডিতদেরও পণ্ডিত। মুরারির কথা অনুযায়ী, অনেক মানুষ বিদ্যাধ্যয়নের উপাসনা সবাই করেন, কিন্তু সরস্বতীর স্বর তন্ত্র আমিই গুরুকুলে থেকে বড়ো পরিশ্রম করে অর্জন করেছি। বানর সেনা সেতু নিরমাণ করে যদিও সমুদ্রপার করেছে, কিন্তু সমুদ্রের গভীরতা বস্তুতঃ মন্দরাচলই জানে। যার বিশাল শরীর পাতাল পর্যন্ত প্রবেশ করেছে-

দেবিং বাচামুপাসতে হি বহবঃ সারং তু সারস্বতং

জানীতে নিতরামসৌগুরুলক্লিষ্টো মুরারিঃ কবিঃ।

অক্লিঙ্ঘতা বা বানরভাটে: কিঙ্কস্য গম্ভীরতা-

মাপাতালনিমগ্নপোবরতনূর্জানাতি মন্বাচলঃ।¹⁹

ভাষাশৈলী-

মুরারি হলেন প্রসিদ্ধ নাট্যকার। তাঁর রাম-কথা প্রধান অনর্ঘরাঘব নাটকের ভাষাশৈলী পাণ্ডিত্যপূর্ণ ও সমাস বহুল। তাঁর এই শৈলীতে লম্বা-লম্বা সমাসবদ্ধপদগুলো কাদম্বরীর কথা মনে পড়িয়ে দেয়। যদিও নাটকে কোথাও কোথাও প্রসাদগুণ ও নাটকীয় ঔচিত্য ভাবের প্রদর্শন হয়েছে। কিন্তু সমাস বহুল শৈলী গুণের প্রভাবে তাঁর এই গুণ প্রস্ফুটিত করে না। অতএব, মুরারির নাটকের কাব্যার্থ উপলব্ধি করা শ্রমসাধ্য। যদিও নতুন নতুন ভাব ও কল্পনাগুলি নাটকের গৌরববর্ধন করার উপযুক্ত এবং পরবর্তী কবিগণও এই ভাব ও কল্পনাগুলি গ্রহণ করেছেন। মুরারির নাটক অর্থসৌষ্ঠব ও শব্দসৌষ্ঠবে অলঙ্কৃত।

¹⁴ অনর্ঘরাঘবম্-পৃ-৪

¹⁵ নাটকলক্ষণরঞ্জকোষঃ-পৃ-৪০

¹⁶ সাহিত্যদর্পণ ৬.১৪২

¹⁷ অনর্ঘরাঘবম্-পৃ-৪

¹⁸ অনর্ঘরাঘবম্-পৃ-৪

¹⁹ সংস্কৃত নাটক- এ. বি. কীথ, পৃ-২৪৩

ব্যাকরণ, ধর্মশাস্ত্র, বেদ, রাজনীতি এবং বৈশেষিক শাস্ত্রের অদ্বিতীয় বিদ্বান বললেই চলে। তাঁর রচিত নাটকের প্রত্যেক পাতায় তাঁর পাণ্ডিত্যের পরিচয় পাওয়া যায়, তা নিজে মুরারির শাস্ত্রীয় পাণ্ডিত্য সম্পর্কে দৃষ্টিপাত করলে দেখা যায়।

ব্যাকরণশাস্ত্রীয় পাণ্ডিত্য-

সর্ব প্রথম ব্যাকরণ শাস্ত্রীয় বৈদুশ্যের দৃষ্টি কোণ করে দেখা যায়, কবি মুরারি মহাবৈয়াকরণ ছিলেন। এই প্রমাণ তাঁর নাটক অধ্যয়ন করে জ্ঞাত হয়-

নাটকের দ্বিতীয় অঙ্কে শ্রীরামচন্দ্র ও লক্ষ্মণ পরস্পর চন্দ্রায়ের বর্ণনা করেছেন আর সেই সময় বিশ্বামিত্রকে অভিবাদন করেছেন, তখনই বিশামিত্র স্নেহ ও অতিসম্মানের সহিত রামকে আলিঙ্গন করেন এবং বলেছেন, প্রকৃষ্টকর্তার অভিপ্রায়রূপ ক্রিয়াফলের যজ্ঞবিধি সম্পাদিত করার সময় এই প্রকার তুমি আমার রক্ষা করো-

প্রকৃষ্টকর্ত্তিপ্রায়ক্রিয়াফলবতোবিধীন।

প্রমুঞ্জনাঙ্কুয়া বীর পরিপাল্যামহে বয়ম্।²⁰

এখানে মুরারির পাণিনির সূত্র 1.3.72 এর স্পষ্ট রূপে উদাহরণ দিয়েছেন। সেখানে বলা হয়েছে, স্বরিতং এবং ক্রিৎ ধাতু থেকে কর্তৃগামী ক্রিয়াফল হওয়ার জন্য আত্মনেপদ হয়- **স্বরিতক্রিত কর্ত্তিপ্রায়ে ক্রিয়াফলে।**²¹ এখানে পাণিনির সূত্রের সমান মুরারির দ্বারা কর্ত্তিপ্রায় ক্রিয়ার ফল শব্দের প্রয়োগ তাঁর ব্যাকরণ দক্ষতার প্রদর্শিত হয়।

এই প্রকার, চতুর্থ অঙ্কে আদেশ শব্দের প্রয়োগ মুরারির ব্যাকরণ প্রেম প্রদর্শিত করে। মাল্যবান নামক পাত্র বলেছেন, যদিও তপস্যার দ্বারা পরশুরামের মধ্যে ব্রাহ্মণতা আছে কিন্তু স্থানিবদ্ ভাবের মতো তিনি ঋত্রিয়ের কার্যকে ছাড়ছেন না। এখানে স্থানিবদ্ ভাব এবং আদেশ শব্দ পাণিনীয় ব্যাকরণ থেকে নেওয়া হয়েছে- **তপোভিরস্য ব্রাহ্মণাদেশোহপি স্থানিবদ্ভাবেন ঋত্রকার্যং ন জহাতি।**²² ব্যাকরণে আদেশ শব্দ শত্রুৎ এবং অন্ থেকে ভিন্ন আদেশ স্থানিবৎ মানা হয়- **স্থানিবদাদেশোহনন্নিধৌ।**²³ এর থেকে মুরারির ব্যাকরণ সম্বন্ধীয় দক্ষতার পরিচয় পাওয়া যায়।

বেদশাস্ত্রীয় পাণ্ডিত্য -

কবি মুরারি ব্যাকরণ শাস্ত্রের অতিরিক্ত বেদ, ধর্মশাস্ত্র এবং বৈশেষিক দর্শনের প্রখর পাণ্ডিত্যের প্রকাশ পাওয়া যায়। তাঁর অনর্ঘরাঘব নাটকে এই সম্বন্ধে বিপুল সামগ্রী প্রাপ্ত হয়। যজুর্বেদ, গায়ত্রীমন্ত্র এবং যজ্ঞ-যাগাদি সম্বন্ধীয় অনেক উদ্ধৃত প্রাপ্ত হয়েছে।²⁴

রাজনীতিশাস্ত্রীয় পাণ্ডিত্য -

এইরূপ রাজনীতিতেও অনেক প্রখর জ্ঞানের পরিচয় প্রাপ্ত হয়। এই নাটকের দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ অঙ্কে রাজনীতি সম্বন্ধীয় উদ্ধৃতি প্রাপ্ত হয়। রাজপুত্রের কর্তব্য, রাজাদের তেজ, আত্মবলের আবশ্যিকতা ইত্যাদি অনেক বিষয়ের উপর মুরারির বিচার এই নাটকে পাওয়া যায়। যার থেকে প্রমাণিত হয় যে তিনি রাজনীতিজ্ঞও ছিলেন।²⁵

ধর্মশাস্ত্রীয় পাণ্ডিত্য -

নাট্যকার মুরারি ধর্মশাস্ত্রেও পণ্ডিত ছিলেন। নাটকের দ্বিতীয় অঙ্কেতপস্বী ব্রাহ্মণদের ক্রোধ না করা এবং পঞ্চম অঙ্কে রাজাদের আতিপাতিক কর্মে সর্বদা শুদ্ধির বিধানের বর্ণনা প্রাপ্ত হয়।²⁶ এর থেকে প্রকাশ পায় তিনি ধর্মশাস্ত্র শাস্ত্রীয় পাণ্ডিত্য ছিলেন।

²⁰ অনর্ঘরাঘবম্- 2.86

²¹ পাণিনি ব্যাকরণ- 1.3.72

²² অনর্ঘরাঘব চতুর্থ অঙ্ক/পৃ-199

²³ পাণিনি ব্যাকরণ- 1.1.56

²⁴ (ক) পরিণময়তি জ্যোতির্ভূত্যা যজুশি। অনর্ঘরাঘবম্-2.28

(খ) গায়ত্রী রূপদা দেবী পান্মানমপহন্তু তে। পুনন্তু পাবমান্যস্বাম্ভোতু ব্রহ্ম তে পরম্। অনর্ঘরাঘবম্-4.62

²⁵ (ক) ততশ্চাহিভয়োপজাপজার্জরং সুহৃদ্ধৃহমুপশ্রুত্য রাক্ষসরাজঃ খরদূষণত্রিশিরোভির্মহামাত্যৈরধিষ্ঠিতমাত্মবলৈকদেশং

সিন্ধোরূদীচি কূলে বালিপ্রতিগ্রহায় প্রাহিণোৎ।²¹ অনর্ঘরাঘবম্-দ্বিতীয় অঙ্ক, পৃ-69-70

(খ) আরণ্যোহগ্নিরিব দুঃসহদুঃখামর্ষজং তেজো বিক্রময়তি, মণ্ডলস্য চানুগ্রাহ্যো ভবতি। অনর্ঘরাঘবম্-ষষ্ঠ অঙ্ক, পৃ-204

(গ) রাজপুত্রোহঙ্গদোহসৌ বালো নববুদ্ধিরামপাত্রমিব যদ্যদাধীয়তে তত্তদাচুচুশতি। অনর্ঘরাঘবম্- ষষ্ঠ অঙ্ক, পৃ-329

(ঘ) অরিশড়র্গ এবায়মস্যাস্তাতপদানি ষট। তেষামেকমপি স্থিন্দনখঞ্জয় ব্রমরীং প্রিয়ম্।। অনর্ঘরাঘবম্-6.9

²⁶ (ক) কিং চ দীক্ষিষ্যমাণা ন ক্রুধ্যন্তীতি রক্ষিতারং ঋত্রিয়মুপাদদতে। অনর্ঘরাঘবম্-দ্বিতীয় অঙ্ক, পৃ-73

(খ) আতিপাতিকে হি কার্যে রাক্ষাঃ সদ্যঃ শুদ্ধিঃ। অনর্ঘরাঘবম্-পঞ্চম অঙ্ক, পৃ-265

বৈশেষিকদর্শনশাস্ত্রীয় পাণ্ডিত্য -


তিনি বৈশেষিক শাস্ত্রেও পাণ্ডিত্য ছিলেন। ন্যায় শাস্ত্র আর বৈশেষিক শাস্ত্রের পরস্পর সম্বন্ধ রয়েছে। তাই তিনি নৈয়ায়িকও ছিলেন বলে জানা যায়। তিনি বৈশেষিক পাণ্ডিত্য হওয়ায় জগতের বিজয় হেতুরূপে পর্যটকেরও কথা বলেছেন।²⁷

উপসংহার-

মুরারির নাট্যকলা এবং পাণ্ডিত্যের এক সামান্য বিশ্লেষণ প্রস্তুত করা হয়েছে। নাট্যকার মুরারির যথাযথ কবিত্ব তথা পাণ্ডিত্য স্থাপনের প্রয়াস করা হয়েছে। মুরারি ভাস-কালিদাসাদি নাট্যকারদের ন্যায় অনেক নাটক রচনা করেন নি। একটি মাত্র নাটক রচনা করে নিজের প্রতিভাবলে পাণ্ডিত্য প্রকাশ করতে সিদ্ধ হয়েছেন। মুরারির অনর্ঘরাঘব নাটক পরীক্ষণ করে স্পষ্ট হয় তিনি পাণ্ডিত্য প্রদর্শনে এতটাই মগ্ন ছিলেন যে, নাট্যকলার প্রতি ধ্যান দেন নি। তাই, অনর্ঘরাঘব নাটকে নিজের পাণ্ডিত্যের কারণে সংস্কৃত সাহিত্যের জগতে প্রসিদ্ধ হয়েছেন, যা তাঁর শাস্ত্রীয় পাণ্ডিত্যের চর্চা করে উপলব্ধ হওয়া যায়।

গ্রন্থসূচী-

1. দশরূপক- ধনঞ্জয়- ব্যাস, ডা. ভোলাশঙ্কর, বিদ্যাভবন সংস্কৃত গ্রন্থমালা, 1955
2. উত্তররামচরিতম্- ভবভূতি- রেখ্মী:, শ্রীশেষরাজশর্মা, চৌখম্বা সংস্কৃত সীরীজ অফিস, বারাণসী, 1966
3. মহাবীরচরিতম্- ভবভূতি- মিশ্র:, শ্রীরামচন্দ্র, চৌখম্বা বিদ্যা ভবন, বেনারস, 1955
4. সংস্কৃত নাটক- এ.বি. কীথ- সিংহ, ডা. উদয় ভানু, দিল্লী বিশ্ববিদ্যালয়, মোতীলাল বেনারসীদাস, 1965
5. নাটকলক্ষণরত্নকোষঃ- সাগরনন্দী- শাস্ত্রী, শ্রী বাবুলালশুভঃ, চৌখম্বা সংস্কৃত সীরীজ অফিস, বারাণসী, 1972
6. সংস্কৃত সাহিত্য কা ইতিহাস- এ.বি.কীথ- শাস্ত্রী, ডা. মঙ্গলদেব, মোতীলাল বেনারসীদাস, 1978
7. অনর্ঘরাঘবম্- মুরারি- মিশ্র, শ্রীরামচন্দ্র, বিদ্যাভবন সংস্কৃত গ্রন্থমালা, 1960
8. সংস্কৃত সাহিত্য কা ইতিহাস- উপাধ্যায়, বলদেব, হিন্দু বিশ্ববিদ্যালয়, কাশী, 1958
9. সাহিত্যদর্পণঃ- বিশ্বনাথ কবিরাজ- সিংহ, ডা. সত্যব্রত, বিদ্যাভবন সংস্কৃত গ্রন্থমালা, 1970
10. অষ্টাধ্যায়ী- পাণিনি- ঝা, ডা. নরেশ, চৌখম্বা সুরভারতী প্রকাশন, 2019



²⁷ বৈশেষিককটল্দীপণ্ডিতো জগদ্বিজয়মানঃ পর্যটামি। অনর্ঘরাঘবম্- পঞ্চম অঙ্ক, পৃ-272